তারিখ ...16 SEP 1990
পৃষ্ঠা... ১ ......কলাম... ৪ ..

দৈনিক খবর 134

# আজ ঢাকা কলেজ ছাত্র সংসদ নির্বাচন

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

দীর্ঘ ১০ বছর পর আজ রোববার ঢাকা কলেজ ছাত্র সংসদের নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। নির্বাচনে ৬টি ছাত্র সংগঠন পূর্ণ প্যানেল প্রার্থী দিয়েছে। সংগঠনগুলো হচ্ছে ঃ ছাত্রলীগ (হা-অ), ছাত্রলীগ (না-শ), ছাত্রদল, ছাত্র ইউনিয়ন, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট ও ছাত্রমৈত্রী।

কলেজ ছাত্র সংসদের ২১টি পদের মধ্যে ভিপি ও জিএস পদে যথাক্রমে ছাত্রলীগের (হা-অ) সাইদুল

(শেষ পৃঃ ৩-এর কঃ ৪ঃ)

## ছাত্র সংসদ নির্বাচন

(১ম পাতার পর)

ইসলাম পল (ভিপি) ও এ, এফ, এম মঞ্জুরুল ইসলাম অশ্রু (জিএস), ছাত্রদলের মীর শরাফত আলী সপু (ভিপি), জাকির হোসেন (জিএস), ছাত্র ইউনিয়নের গোলাম হায়দার (ভিপি), হাসান তারেক এ্যাপোলো (জিএস) প্রতিদ্বন্দ্বিতা করছেন।

নির্বাচন উপলক্ষে কলেজ চত্বরে কড়া পুলিশী ব্যবস্থা নেয়া হয়েছে। আজ সকাল ৮টা থেকে বেলা ২টা পর্যন্ত ভোট গ্রহণ চলবে।

১৯৮০ সালের এপ্রিল মাসে সর্বশেষ ঢাকা কলেজ ছাত্র সংসদের নির্বাচন অনুষ্ঠিত হয়।